

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১৩৫.১৯.১৪৭

তারিখ: ২৫ ভাদ্র ১৪২৬

০৯ সেপ্টেম্বর ২০১৯

বিষয়: রিট পিটিশন নং-১৮৬২/২০১৯ মামলায় সরকার পক্ষে প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণক্রমে টিএমইডিতে তথ্য প্রেরণ।

সূত্র: মহামান্য হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ২৬.০২.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব মো: আবু ইউসুফ মৃধা, পিতা: মৃত সোহরাব হোসেন মৃধা এবং অধ্যক্ষ, ইকামাতে দ্বীন কামিল মাদরাসা, থানা: ভাংগা, জেলা: ফরিদপুর এবং অন্যান্য কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৮৬২/২০১৯ মামলা দায়ের করা হয়েছে।

০২. মামলাটির রুল নিশি জারির আদেশ পর্যালোচনা করে দেখা যায় যে, ফরিদপুর জেলার ভাংগা উপজেলাধীন ইকামাতে দ্বীন একটি “ফাযিল এবং কামিল” ধরনের মাদরাসা। ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ০১.০৮.২০১৬ খ্রি: তারিখ এবং ১৪.১১.২০১৬ খ্রি: তারিখের পত্রের মাধ্যমে (রুল নিশিতে পত্রের স্মারক এবং ইস্যু নম্বর উল্লেখ নেই) “আলিম মাদরাসা” এর স্থলে “ফাযিল এবং কামিল মাদরাসা” নির্ধারণ করে মাদরাসাটির কোড পরিবর্তন করা হয়। এর পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট হয়ে এবং আবেদনকারীদেরকে এমপিওভুক্তির দাবীতে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-১৮৬২/২০১৯ মামলাটি দায়ের করা হয়েছে।

০৩. মামলাটিতে সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়কে ১ নং রেসপনডেন্ট; উপাচার্য, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া-কে ২ নং রেসপনডেন্ট; উপাচার্য, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়-কে ৩ নং রেসপনডেন্টসহ মোট ১১ জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৪. উক্ত রিট পিটিশন মামলা বিষয়ে সরকার পক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত নিম্নবর্ণিত তথ্য (প্রমাণকসহ) আবশ্যিক-

ক. উক্ত রিট মামলার জবাব (Affidavit in opposition) আদালতে দাখিল হয়েছে কি-না?

খ. উক্ত মামলায় শুনানী হয়ে কোন রায় প্রদান করা হয়েছে কি-না?

গ. উক্ত মামলার সর্বশেষ অবস্থা কী?

ঘ. উক্ত মামলা বিষয়ে টিএমইডি এর বর্তমানের করণীয় কী?

০৫. এমতাবস্থায় উপরিউক্ত বিষয়টি বিবেচনাক্রমে রিট পিটিশন নং-১৮৬২/২০১৯ মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে গৃহীত আইনী কার্যক্রমের তথ্য আগামী ১২.০৯.২০১৯ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৯-৯-২০১৯

ড. মো: মহাতাব হোসেন

সংযুক্ত কর্মকর্তা (আইন)

বিতরণ :

১) রেজিস্ট্রার, ইসলামি আরবি

বিশ্ববিদ্যালয়, বছিলা, ধানমন্ডি, ঢাকা

২) মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট
বোরাক টাওয়ার, ইস্কাটন রোড, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১৩৫.১৯.১৪৭/১(৭)

তারিখ: ২৫ ভাদ্র ১৪২৬
০৯ সেপ্টেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির
জন্য)।

২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয়
অবগতির জন্য)।

৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,
ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪) সিস্টেম এ্যানালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৫) যুগ্ম-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা
মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা
মন্ত্রণালয়।

৭) অফিস কপি/ মাস্টার কপি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।



৯-৯-২০ ১৯

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)